

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়
বদরগঞ্জ, রংপুর।
www.dwa.badargonj.rangpur.gov.bd

স্মারক নং: ৩২.০১.৮৫০৩.০০০.০৬.০০৮.১৫-

৯৫

তারিখ: ০৭/০৬/২০২৬ খ্রি.

প্রশিক্ষার্থী ভর্তি বিজ্ঞপ্তি

মহিলা বিষয়ক অধিদপ্তরীয় উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়, বদরগঞ্জ রংপুর এর নিয়ন্ত্রণাধীন ২০২৬-২০২৭ অর্থ বছরের ১ম ব্যাচে (জুলাই হতে সেপ্টেম্বর ২০২৬) তিন মাস মেয়াদী সেলাই ও এমব্রয়ডারী ট্রেডে ৩০ জন প্রশিক্ষার্থী ভর্তির জন্য নির্ধারিত ফরমে নিম্ন-বর্ণিত শর্ত সাপেক্ষে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

| প্রশিক্ষণের মেয়াদ | প্রশিক্ষণ ট্রেডের নাম | আবেদন জমাদানের শেষ তারিখ | বাছাইয়ের জন্য সাক্ষাৎকার গ্রহণের তারিখ | মন্তব্য |
|---|-----------------------|--------------------------------|---|--|
| জুলাই হতে সেপ্টেম্বর ২০২৬ পর্যন্ত (তিন মাস) | সেলাই ও এমব্রয়ডারী | ২৫/০৬/২০২৬ বেলা ০৪:০০ ঘটিকা | ২৯/০৬/২০২৬ সকাল ১০:০০ টা | চূড়ান্তভাবে প্রশিক্ষণ সম্পন্নকারীকে প্রতি কর্মদিবসে ১০০ টাকা হারে প্রশিক্ষণ ভাতা দেওয়া হয় |

শর্তাবলি:

- আবেদন পত্রের সহিত প্রার্থীর সদ্য তোলা ২ কপি পাসপোর্ট সাইজের ছবি, শিক্ষাগত যোগ্যতার সনদের সত্যায়িত অনুলিপি ও জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত অনুলিপি সংযুক্ত করতে হবে।
- প্রার্থীর বয়স ১৮-৪০ বছরের মধ্যে হতে হবে।
- প্রার্থীকে অবশ্যই স্বাক্ষর জ্ঞান সম্পন্ন হতে হবে।
- বিধবা ও স্বামী পরিত্যক্তা, পরিবারের প্রধান দুঃস্থ মহিলা, পঙ্গু স্বামীর স্ত্রী, শারীরিক ও মানসিকভাবে প্রশিক্ষণ গ্রহণে সক্ষম, যার উপার্জন ক্ষমতা নাই এমন মহিলাদের অগ্রাধিকার দেয়া হবে।
- সাক্ষাৎকার গ্রহণের দিন (২৯/০৬/২০২৬ তারিখে সকাল ১০:০০ টায়) প্রার্থীকে অবশ্যই নিম্ন-স্বাক্ষরকারীর কার্যালয়ে উপস্থিত হয়ে সাক্ষাৎকার পর্বে অংশগ্রহণ করতে হবে।
- যাহারা ইতোপূর্বে উল্লিখিত ট্রেডে প্রশিক্ষণ গ্রহণ করেছেন, স্কুল/কলেজে অধ্যয়নরত, সরকারের অন্য কোন সুবিধা ভোগ করছেন, অন্য কোন সংস্থার সাথে সম্পৃক্ত রয়েছেন এবং অত্র উপজেলা বাসিন্দা নন তাদের আবেদন করার প্রয়োজন নাই।
- নির্ধারিত তারিখের পর কোন আবেদন গ্রহণ করা হবে না।
- প্রশিক্ষণ ভাতা, প্রশিক্ষার্থী ভর্তি সংখ্যা সরকারি আদেশ সাপেক্ষে হ্রাস-বৃদ্ধি হতে পারে।

(মোহাম্মৎ সাবিকুল্লাহার)

উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা
বদরগঞ্জ, রংপুর

Email: dwabadarganj@gmail.com

স্মারক নং: ৩২.০১.৮৫০৩.০০০.০৬.০০৮.১৫-

৯৫

তারিখ: ০৭/০৬/২০২৬ খ্রি.

অনুলিপি সদয় জ্ঞাতার্থে:

- উপজেলা নির্বাহী অফিসার, বদরগঞ্জ, রংপুর
- উপপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, রংপুর
- উপজেলা অফিসার, বদরগঞ্জ, রংপুর ও সদস্য প্রশিক্ষার্থী বাছাই কমিটি

অনুলিপি বহুল প্রচারের জন্য:

- নোটিশ বোর্ড, উপজেলা পরিষদ চেয়ারম্যানের কার্যালয়/বদরগঞ্জ পৌরসভা কার্যালয়/সমাজ সেবা/যুব উন্নয়ন/পল্লী উন্নয়ন/সকল এনজিও কার্যালয় ও শহরের উল্লেখযোগ্য স্থান।

(মোহাম্মৎ সাবিকুল্লাহার)

উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা
বদরগঞ্জ, রংপুর।